

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর উপজেলা পর্যায়ে রাজস্ব খাতভুক্ত জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১৬তম গ্রেডভুক্ত (অফিস সহকারী-কাম-কম্পিউটার মূদ্রাক্ষরিক) এবং ২০তম গ্রেডভুক্ত (অফিস সহায়ক) পদে নিয়োগ দানের লক্ষ্যে ১২.০৬.২০২৩ তারিখ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। উক্ত পদসমূহে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদনকারীদের লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষা নির্ধারিত তারিখে অনুষ্ঠিত হবে।

নিয়োগ কার্যক্রমটি সরকারী বিধি-বিধান অনুসরণ করে সম্পূর্ণ স্বচ্ছতার সাথে সম্পন্ন করা হবে।

- সংশ্লিষ্ট সকলকে এই মর্মে সতর্ক করা যাচ্ছে যে, এই নিয়োগে কোন প্রকার অসদুপায় অবলম্বন করা বা অনৈতিক কার্যক্রমে জড়িত হওয়া যাবে না।
- কোন প্রার্থী/প্রার্থীর সাথে সম্পর্কিত কোন ব্যক্তি চাকুরি প্রাপ্তির জন্য কোন দুষ্টিচক্রের প্ররোচনায় পড়ে অর্থনৈতিক লেনদেন বা চাকুরি প্রাপ্তি/প্রদানের শর্তে চুক্তিবদ্ধ হলে বা প্রমাণ পাওয়া গেলে তাঁদের প্রার্থিতা সরাসরি বাতিল করে আইন প্রয়োগকারী সংস্থার কাছে সোপর্দ করা হবে এবং তাঁদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সাথে সংশ্লিষ্ট কারো বিরুদ্ধে চাকুরি প্রদান সংক্রান্ত আশ্বাস প্রদান, অর্থ লেনদেন বা চুক্তির প্রমাণ পাওয়া গেলে বিভাগীয় ও ফৌজদারি ব্যবস্থা গ্রহণ করা হবে।
- নিয়োগ সংক্রান্ত অনিয়ম-দুর্নীতি কোন ক্রমেই প্রশ্রয় দেয়া হবে না।
- নিজের যোগ্যতা ও আত্মবিশ্বাসের উপর ভিত্তি করে চাকুরি পরীক্ষায় অংশ নিন। পরীক্ষায় নকল করা, কোন ধরণের তদবির বা অর্থ লেনদেন হতে বিরত থাকুন।



(মোঃ মাহবুব আলম)

সহকারী পরিচালক (ব্যক্তি প্রশাসন)
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো